

বিজন দেব

### ক. আমি ও আমার কৈশোর

বহুদিন বুক পকেটে বুলেছিল আমার কৈশোর।  
বৃষ্টি আসার আগেই ঘরে ফিরে যাবার তীব্র তাগিদ  
বিচ্ছিন্ন করেছিল আমাদের।  
আজ যখন বৃষ্টি ও ঘরের যাবতীয় সব গোপন আতঁত,  
জানা হয়েগেছে দুজনেরই-  
আমি ও আমার হারিয়ে যাওয়া কৈশোর  
যেন কোন পাহাড়ি করাতির সামনে  
বিকে যাওয়া দুটি গাছ।

### খ. মা ও পাখিরা

মা'র সাথে পাখিদের গভীর বোঝাপড়া ছিল।  
সকালে একমুঠো চাল ছড়িয়ে দিলেও এরা  
আমার কাছে খুব একটা ঘেঁষতো না।  
আর অন্যদিকে একদম উল্টো ছবি।  
শতব্যস্ততায় মা'র হাঁটাচলার পথে তারাও  
হেঁটে বেড়াত উঠানের এদিক থেকে ওদিক।  
আজ এতগুলি বছর পেরিয়ে এসে-  
এখনও বুঝতে পারিনা - কেন পাখিরা  
আমার থেকে মাকেই এত আপন করে নিয়েছিল!

পড়ুন

কবিতা উপত্যকার দু'টি অনন্য কবিতাপত্র

বিকল্প সাহিত্যে

অনিষ্কার

ধর্মনগর, উত্তর ত্রিপুরা

এবং

ত্রিগাথ

পানিসাগর, উত্তর ত্রিপুরা থেকে প্রকাশিত